গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
**টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) প্রকল্প**
পরিসংখ্যান ভবন (৩ তলা, ব্লক-২) ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং: ৫২.০১.০০০০.৪০৬.৩০.০১৩.২১.৪১ তারিখ: ১৯ অক্টোবর, ২০২১

# অফিস সরঞ্জামাদি ক্রয়ের কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্তৃক বাস্তবায়নাধীন 'টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS)' প্রকল্পের আওতায় উল্লেখিত পণ্য সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক কোটেশন আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | অফিস সরঞ্জামাদির বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ০১ | এসি | ০১ (এক) টি |
| ০২ | পেপার শ্রেডার | ০১ (এক) টি |

**শর্তাবলি:**

০১। বিস্তারিত বিবরণ সম্বলিত কোটেশন সিডিউল প্রকল্প পরিচালক, কক্ষ নং , পরিসংখ্যান ভবন (৩ তলা, ব্লক-২) ই-২৭/এ আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭-এর দপ্তর হতে ১৯/১০/২০২১ থেকে ২১/১০/২০২১ খ্রি. তারিখ বেলা ১১.০০ টা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে (সরকারি ছুটির দিন ব্যতীত)।

০২। কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ২১/১০/২০২১ খ্রি. তারিখ দুপুর ১:০০ টা পর্যন্ত জমা প্রদান করা যাবে এবং ২১/১০/২০২১ খ্রি. তারিখ দুপুর ০২:৩০ টায় দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে প্রাপ্ত কোটেশন উন্মুক্তকরণ ও মূল্যায়ন করা হবে।

০৩। কোটেশনের সাথে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, টিআইএন সনদ, ব্যাংক সলভেনসি সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৪। কার্যাদেশ প্রাপ্তির অনূর্ধ্ব ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বর্ণিত পণ্য সরবরাহ করতে হবে।

০৫। সরবরাহকৃত অফিস সরঞ্জামাদি এসি এবং পেপার শ্রেডার 'টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) প্রকল্প'-এর যাচাই ও গ্রহণ কমিটি কর্তৃক স্পেসিফিকেশন অনুযায়ী গ্রহণ করা হবে।

০৬। সরবরাহকৃত পণ্যে কোন প্রকার ত্রুটি/ সমস্যা দেখা দিলে তাৎক্ষনিক পরিবর্তন করে একই স্পেসিফিকেশন্স এর ত্রুটিমুক্ত পণ্য সরবরাহ করতে হবে।

০৭। ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি কোটেশন দলিলে বিকল্প দর প্রদান করতে পারবে না।

০৮। প্রচলিত হারে আয়কর, ভ্যাট, ইত্যাদি কর্তনপূর্বক প্রকল্প পরিচালক, টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) প্রকল্প-এর দপ্তর থেকে ইস্যুকৃত চেকের মাধ্যমে দাবিকৃত বিল (বরাদ্দ থাকা সাপেক্ষে) পরিশোধ করা হবে। এজন্য অফিস সরঞ্জামাদি ক্রয়ের ৩ কপি চালান ও বিল (মূল কপি) দাখিল করতে হবে।

০৯। কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৯.১০.২১

**রেশমা জেসমিন**
প্রকল্প পরিচালক
ই-মেইল: eva_80du@iuj.ac.jp

**বিতরণ সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিবিএস-এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ (বিজ্ঞপ্তিটি বিসিসি'র নোটিস বোর্ডসহ ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০৩। সভাপতি, দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি, টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) প্রকল্প, বিবিএস।

০৪। সদস্য-সচিব/সদস্য, দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি, টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) প্রকল্প, বিবিএস।

০৫। অফিস নোটিস বোর্ড, পরিসংখ্যান ভবন (নিচ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭।

০৬। হিসাব শাখা, টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) প্রকল্প, বিবিএস, ঢাকা।

০৭। সরবরাহযোগ্য ফার্ম..........................................................................................................।

০৮। অফিস কপি।